**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 22-01-2026** **Time: 1.40 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে SIR-কে কেন্দ্র করে যেকোনো অশান্তির ঘটনায় রাজ্য প্রশাসনকে কঠোর ব্যবস্থা নিতে বলেছেন, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।

২) ন্যূনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে রাজ্যের আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানে পুলিশী বল প্রয়োগের প্রতিবাদে আজ রাজ্য জুড়ে 'ধিক্কার দিবস' পালন করছেন তাঁরা।

৩) বাঁকুড়ার নাকাইজুড়ি এলাকায় এক বিজেপি নেতার বাড়িতে অগ্নি সংযোগের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৪) ৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হচ্ছে।

৫) হাওড়া-কামাখ্যা-হাওড়া 'বন্দে ভারত' স্লিপার এক্সপ্রেসের নিয়মিত যাত্রা কামাখ্যা স্টেশন থেকে আজ উদ্বোধন হচ্ছে।

৬) কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে আজ রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে বাংলা, সার্ভিসেসের বিরুদ্ধে খেলছে।

---

SIR প্রক্রিয়া ঘিরে রাজ্যে বিভিন্ন জায়গায় সাম্প্রতিক অশান্তির আবহে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করে বলেছেন, আইনশৃঙ্খলা ভাঙার যেকোনও প্রচেষ্টার

বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কাউকেই আইন নিজের হাতে তুলতে দেওয়া হবে না। এব্যাপারে মুখ্যসচিব, পুলিশের মহানির্দেশক এবং কলকাতা পুলিশ কমিশনারকে পাঠানো চিঠিতে বলা হয়েছে, পঞ্চায়েত ভবন, ব্লক অফিস, এবং ওয়ার্ড অফিসে নিরাপত্তা বজায় রাখতে পর্যাপ্ত কর্মী মোতায়েনের দায়িত্ব নিতে হবে রাজ্য সরকারকে। জেলাশাসক ও পুলিশ সুপারদের প্রতিটি শুনানি কেন্দ্রেই পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে। সাধারণ মানুষকে কোনও প্ররোচনায় পা না দেওয়ার আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন।

---------------------------

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ কঠোরভাবে মেনে চলতে হবে বলে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে। এতে বলা হয়েছে, শীর্ষ আদালতের নির্দেশ অনুযায়ী আগামী ২৪শে জানুয়ারীর মধ্যে তথ্যগত অসংগতি বা লজিক্যাল ডিসক্রিপেন্সি এবং আনম্যাপ্‌ড ক্যাটাগরিতে থাকা ভোটারদের নামের তালিকা, গ্রাম পঞ্চায়েত ভবন, ব্লক অফিস এবং ওয়ার্ড অফিসে টাঙাতে হবে। তালিকা প্রকাশের পর নথি জমা দেওয়ার জন্য ১০ দিন সময় দেওয়া হবে। ভোটাররা অনুমোদিত প্রতিনিধি বা বুথ লেবেল এজেন্ট-দের মাধ্যমে তাঁদের নথি বা আপত্তি সংক্রান্ত তথ্য জমা দিতে পারবেন। তবে এক্ষেত্রে প্রতিনিধিদের কাছে অথরিটি লেটার থাকা বাধ্যতামূলক। ERO বা AERO-রা নথি জমা নিয়ে রশিদ এবং শুনানি যে হয়েছে, সেই সংক্রান্ত শংসাপত্র’ও দেবেন। BLO-দের অথরিটি লেটার, নথি জমার রশিদ এওং শুনানির শংসাপত্র BLO অ্যাপে আপলোড করতে হবে। শুনানির সময় মাধ্যমিকের সার্টিফিকেট ছাড়াও, গ্রহণ করা হবে অ্যাডমিট কার্ড ।

---------------------------

এসআইআর-এর শুনানি প্রক্রিয়ায় মাধ্যমিকের অ্যাডমিট কার্ড গ্রহণ করার বিষয়ে সুপ্রিম কোর্ট মৌখিক নির্দেশ দিলেও তা একক এবং স্বতন্ত্র প্রমাণ হিসাবে স্বীকৃত হবে না বলে জানিয়েছে বিজেপি। দলের মুখপাত্র অমিত মালব্য আজ এক্স হ্যান্ডেলের এক বার্তায় বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশের পরই তৃণমূল কংগ্রেস যে উচ্ছ্বাস দেখিয়েছে, তার কোনো ভিত্তি নেই। নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি ভালোভাবে পড়লে বোঝা যাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের সঙ্গেই পাস সার্টিফিকেট জমা করাও একান্ত প্রয়োজনীয়। এর ফলে ভুয়ো অ্যাডমিটকার্ড জমা দেওয়ার প্রবণতা এড়ানো সম্ভব হবে বলে মন্তব্য করেন তিনি।

---------------------------

ন্যূনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে রাজ্যের আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানে পুলিশী বল প্রয়োগের প্রতিবাদে আজ রাজ্য জুড়ে ‘ধিক্কার দিবস’ পালন করছেন তাঁরা। আশাকর্মী ইউনিয়ানের তরফে জানানো হয়েছে, বিভিন্ন জেলায় ব্লকে ব্লকে ধর্না কর্মসূচী চালানো হচ্ছে।

ইতোমধ্যেই জেলায় জেলায় শুরু হয়েছে আশাকর্মীদের ধিক্কার দিবস কর্মসূচী।

আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, উত্তর ২৪ পরগণা, নদীয়া সহ প্রায় সব জেলাতেই এই কর্মসূচী চলছে বলে সেখানকার আশকর্মীরা জানিয়েছেন।

উত্তর ২৪ পরগণার বসিরহাট টাউন হলের মধ্যে শুরু হয়েছে এক প্রতিবাদ মিছিল, বসিরহাট থানার সামনে বিক্ষোভ কর্মসূচী পালন করা হবে।

উল্লেখ্য, গতকাল আশা কর্মীদের স্বাস্থ্য ভবন অভিযান ঘিরে ধুন্দুমার পরিস্থিতি তৈরি হয়। এরপর পাঁচ প্রতিনিধি দলের সঙ্গে স্বাস্থ্য ভবনে দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা কথা বলেন। সেখান থেকে বেরিয়েই রাজ্য আশা কর্মী ইউনিয়নের সম্পাদক ইসমত আরা খাতুন জানান, তাদের সব দাবি মেনে নেওয়া হয়নি। যতক্ষণ পর্যন্ত না তাদের আট দফা দাবি মেনে নেওয়া হচ্ছে তাদের কর্ম বিরতি চলবে।

---------------------------

বাঁকুড়ার ওন্দা থানার নাকাইজুড়ি এলাকায় এক বিজেপি নেতার বাড়িতে অগ্নি সংযোগের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল গভীর রাতে একদল দুষ্কৃতী তাপস বারিক নামে ঐ বিজেপি নেতার দোকানে লুঠপাট চালায়। পরে বাড়ির বাইরে থেকে শিকল লাগিয়ে খরের চালে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। সেই সময়ে বাড়িতে তাপস ছাড়াও ছিলেন তার বয়স্ক বাবা মা। প্রতিবেশীরা দ্রুত এসে শিকল খুলে দিলে কোনোমতে প্রাণে বাঁচেন তারা। দমকলের একটি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে। তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে সপরিবারে হত্যার অভিযোগ উঠলেও শাসকদল তা অস্বীকার করেছে। এর প্রতিবাদে নাকাইজুড়ি পুলিশ ফাঁড়ির সামনে বিক্ষোভ শুরু করেছেন বিজেপি নেতা কর্মীরা।

---------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---------------------------

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হচ্ছে। বিকেলে সল্টলেকের বই মেলা প্রাঙ্গণে এর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবারের ফোকাল থিম কান্ট্রি আর্জেন্টিনার বিশিষ্ট সাহিত্যিক গুস্তাবো কানসোব্রে। পাবলিশার্স এন্ড বুক সেলারস গিল্ডের সভাপতি সুধাংশু শেখর দে এবং সাধারণ সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় জানিয়েছেন, মেলার কদিন রাত দশটা পর্যন্ত মেট্রো পরিষেবা চালু থাকছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

এদিকে, বইমেলা উপলক্ষ্যে আগামীকাল থেকে তেসরা ফেব্রুয়ারী পর্যন্ত বিশেষ বাস পরিষেবা দেবে রাজ্য পরিবহণ নিগম। রাত ১০ তা পর্যন্ত কলকাতার বিভিন্ন রুটের জন্য এই পরিষেবা মিলবে।

---------------------------

হাওড়া-কামাখ্যা-হাওড়া ‘বন্দে ভারত’ স্লিপার এক্সপ্রেসের নিয়মিত যাত্রা কামাখ্যা স্টেশন থেকে আজ শুরু হতে চলেছে । ট্রেনটি সন্ধ্যা ৬ টা ১৫ মিনিটে কামাখ্যা ছেড়ে

আগামীকাল (২৩ তারিখ) সকাল ৮ টা ১৫-তে হাওড়ায় পৌঁছাবে। **ঐদিনই সন্ধ্যা ৬'টা ২০ মিনিটে হাওড়া থেকে ছেড়ে** পরদিন সেটি আবার সকাল ৮ টা ২০ মিনিটে কামাখ্যা পৌঁছাবে। হাওড়া থেকে বৃহস্পতিবার এবং কামাখ্যা থেকে বুধবার ছাড়া সপ্তাহের প্রতিদিন এই ট্রেন পাওয়া যাবে।

ট্রেনটি থামবে, হাওড়া-কামাখ্যার মধ্যে ব্যান্ডেল, নবদ্বীপ ধাম, কাটোয়া, আজিমগঞ্জ, নিউ ফারাক্কা, মালদা টাউন, আলুয়াবাড়ী রোড, নিউ জলপাইগুড়ি, জলপাইগুড়ি রোড, নিউ কোচবিহার, নিউ আলিপুরদুয়ার, নিউ বঙ্গাইগাঁও, এবং রঙ্গিয়া স্টেশনে।

উল্লেখ্য, গত ১৭ জানুয়ারি মালদা টাউন ষ্টেশন থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হাওড়া - কামাখ্যা বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা করেন।

---------------------------

দক্ষিণ ২৪ পরগণার বজবজ থেকে বাংলাদেশ যাওয়ার পথে সেদেশের একটি বার্জ -এমভি তামজীদ নাসির সাগরের মুড়িগঙ্গা নদীতে গত সন্ধ্যায় দুর্ঘটনার কবলে পড়ে। ঘোড়ামারার কাছে ভাটার সময় বার্জটির মাঝ বরাবর ফেটে গিয়ে ডুবতে শুরু করে। পরে ওই বার্জে থাকা ১১ জনকে উদ্ধার করে অন্য একটি বাংলাদেশি বার্জে তুলে দেওয়া হয়।

দুর্ঘটনার জেরে বার্জে থাকা ছাই, নদীতে ছড়িয়ে পড়ায় মুড়িগঙ্গায় জলদূষণের আশঙ্কা দেখা দিয়েছে।

---------------------------

এন্টালির কনভেন্ট লেনে এক নির্মীয়মাণ বাড়ির ছাদ থেকে পড়ে তিন বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। প্রীতম রাজবংশী নামে শিশুটি প্রতিদিনের মতই গতকালও মায়ের

সঙ্গে ফ্ল্যাটের ছাদে খেলতে যায়। অসাবধানতাবশত লিফট তৈরির জন্য খোলা রাখা অংশ দিয়ে একেবারে নীচে পড়ে যায় সে। সন্ধ্যা নাগাদ পুলিশ এসে খোঁজাখুঁজির পর প্রীতমের রক্তাক্ত দেহ উদ্ধার হয়। নির্মীয়মাণ বাড়ির মালিকের সন্ধানে শুরু হয়েছে তল্লাশি।

---------------------------

সুন্দরবনের মাতলা নদীতে নৌকা থেকে পড়ে নিখোঁজ পর্যটকের দেহ উদ্ধার হয়েছে। ঘটনাস্থল থেকে প্রায় ৫ কিলোমিটার দূরে কাটামারি ঘাটের কাছে গতকাল দক্ষিণ কলকাতার গড়িয়ার বাসিন্দা সুমন পালের দেহ উদ্ধার হয়। পরিবারের সদস্যরা পোশাক দেখে দেহ শনাক্ত করেন।
গত ১৭'ই জানুয়ারি নিখোঁজ হন তিনি।

---------------------------

সরস্বতী পুজোয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা সুনিশ্চিত করা এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে কলকাতা হাইকোর্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ বলেছেন, এব্যাপারে স্থানীয় থানাকে সহযোগিতা করবে বিশ্ব বিদ্যালয় কর্তৃপক্ষ।

উল্লেখ্য, বিশ্ব বিদ্যালয়ের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলার পর রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তর, ক্যাম্পাসে CCTV লাগানোর জন্য অর্থ বরাদ্দ করে। সেই কাজ দ্রুত গতিতে চলছে বলে জানিয়েছে বিশ্ব বিদ্যালয়।

---------------------------

সরস্বতী পুজোয় আবার কিছুটা কমতে চলেছে সর্বনিম্ন তাপমাত্রা। রাজ্যে সর্বত্রই তাপমাত্রা কিছুটা বাড়লেও আগামী দু'দিনে তা আবার এক থেকে দুই ডিগ্রি কমার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ১৫.৭ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে এক দশমিক ছয় ডিগ্রি বেশি।

সকালের দিকে জলপাইগুড়ি জেলায় ঘন কুয়াশা দেখা যায়।

---------------------------

কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে আজ রঞ্জি ট্রফির ম্যাচে বাংলা, সার্ভিসেসের বিরুদ্ধে খেলছে। শেষ খবর পাওয়া পর্যন্ত বাংলা ৩৬ ওভারে ১২৮ রান করেছে। অধিনায়ক অভিমন্যু ইশ্বরণ ৬৯ ও সুদীপ চ্যাটার্জি ৫০ রানে অপরাজিত আছেন।

এলিট গ্রুপ সি থেকে থাকা বাংলা ৫ ম্যাচে ২৩ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ শীর্ষে রয়েছে। সমসংখ্যক ম্যাচ খেলে সার্ভিসেস ১৯ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে।

--------------------------- ---------------------------